# বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)
# মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬।

## পলাতক কর্মকর্তার দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানের বিষয়ে বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-এ কর্মরত বিইউপি নং ১২০২৫ সহকারী পরিচালক ফয়সাল সিদ্দিকী, পিতা: মোঃ আবু বকর সিদ্দিকী, মাতা: লুৎফুন্নেসা, বর্তমান ঠিকানা: রোড-৩, বাসা-২৭০, মোহাম্মদপুর হাউজিং, ঢাকা-১২০৭, স্থায়ী ঠিকানা: গ্রাম/রাস্তা-খাষকাউলিয়া মধ্যজোতপাড়া, খাষকাউলিয়া, ডাকঘর: খাষকাউলিয়া-১৯৩০, চৌহালী, সিরাজগঞ্জ। তিনি গত ২১ মার্চ ২০২৪ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত রয়েছেন। অনুপস্থিতির জন্য তাকে অবিলম্বে কর্মে যোগদানের বিষয়ে পর পর ০৩টি নোটিশ প্রদান করা সত্ত্বেও তিনি কর্মে যোগদান করেন নাই। বিইউপি চাকুরি সংবিধি ২০২৪ এর অধ্যায় ৯ এর ৫২ (৩) বিধি অনুযায়ী অনুপস্থিতকাল ৬০ (ষাট) দিনের অধিক হওয়ায় তিনি 'পলাতক' হিসেবে বিবেচিত হয়েছেন। বর্ণিত কর্মকর্তা কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার অভিযোগ প্রাথমিক ও বিস্তারিত তদন্তে প্রমাণিত হওয়ায় বিইউপি এর ৮০তম সিন্ডিকেট সভার সিদ্ধান্ত মোতাবেক বিইউপি চাকুরি সংবিধির ৫৪ এর (২) (ঙ) বিধি অনুযায়ী তাকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal) করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও অনুপস্থিতকালে তার অনুকূলে প্রদানকৃত অর্থ সমন্বয়/আদায় ও প্রয়োজনে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিইউপি চাকুরি সংবিধি ৫৭ (২) বিধি অনুযায়ী গত ১০ জুলাই ২০২৫ তারিখে উক্ত কর্মকর্তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে, যার কোন জবাব তিনি অদ্যাবধি প্রদান করেননি। উক্ত কর্মকর্তাকে প্রদত্ত দন্ড কার্যকরের প্রক্রিয়া চলমান রয়েছে। বর্তমানে তার মোবাইল ফোন বন্ধ রয়েছে। তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় একাধিকবার যোগাযোগ করা হলেও তাকে বা তার পরিবারের কাউকে পাওয়া যায়নি। এই বিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে বিইউপি নং ১২০২৫ সহকারী পরিচালক ফয়সাল সিদ্দিকী কে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হলো।